মুজিব শতবর্ষ MUJIB 100

''মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার''

# পরিক্রমা

সংখ্যা # ৮০: মার্চ ২০২০




অর্থনীতির অগ্রযাত্রায় স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

# পরিক্রমা

সংখ্যা # ৮০ : মার্চ ২০২০


**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**

**সিকিউরিটিজ কমিশন ভবন**

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: http://www.secbd.org, http://www.sec.gov.bd, http://www.এসইসিবিডি.বাংলা

E-mail: info@sec.gov.bd

## সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | ০৪ |
| ২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ | ০৫ |
| ৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | ০৬ |
| ৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলি | ০৭ |
| ৫ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | ০৮ |
| ৬ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) | ১৩ |
| ৭ | কর্পোরেট ফাইন্যান্স | ১৪ |
| ৮ | ক্যাপিটাল ইস্যু | ১৬ |
| ৯ | সার্ভেইল্যান্স | ১৭ |
| ১০ | নিবন্ধন | ১৮ |
| ১১ | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি | ১৯ |
| ১২ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি) | ২০ |
| ১৩ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | ২০ |
| ১৪ | এনফোর্সমেন্ট | ২২ |
| ১৫ | আইন | ২৩ |
| ১৬ | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | ২৩ |
| ১৭ | এমআইএস | ২৪ |
| ১৮ | গবেষণা ও উন্নয়ন | ২৬ |
| ১৯ | ফাইন্যান্সিয়াল লিটারেসি | ২৭ |
| ২০ | আন্তর্জাতিক সম্পর্ক | ২৮ |
| ২১ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | ২৯ |
| ২২ | প্রেস রিলিজ | ৩০ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ৮ জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হলো সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াবলি বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন ড. এম. খায়রুল হোসেন। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা ও জনাব খোন্দকার কামালউজ্জামান।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কমিশনকে ‘A’ ক্যাটাগরিতে উন্নীত করে।

# ১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
কমিশনার



ড. স্বপন কুমার বালা এফসিএমএ
কমিশনার



জনাব খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

# ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ

| ক্র. নং | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় প্রধান |
|---|---|---|
| ১ | জনাব ফরহাদ আহমেদ | এসআরআই এবং সিডিএস |
| ২ | মিসেস রুকসানা চৌধুরী | ক্যাপিটাল ইস্যু, এনফোর্সমেন্ট, অফিস অব দি চীফ একাউন্ট্যান্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা এবং এএমএল/সিএফটি উইং |
| ৩ | ড. এটিএম তারিকুজ্জামান | বর্তমানে লিয়েনে নিউজিল্যান্ড এ অবস্থান করছেন |
| ৪ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | এসআরএমআইসি এবং প্রশাসন ও অর্থ |
| ৫ | জনাব মোঃ সাইফুর রহমান | সার্ভেইল্যান্স, প্রকল্প পরিচালক এবং কমিশনের মুখপাত্র |
| ৬ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | এমআইএস এবং গবেষণা ও উন্নয়ন |
| ৭ | জনাব এম হাছান মাহমুদ | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি এবং কর্পোরেট ফাইন্যান্স |
| ৮ | জনাব মোঃ মাহবুবুল আলম | নিবন্ধন, আন্তর্জাতিক সম্পর্ক, ফাইন্যান্সিয়াল লিটারেসি এবং মহাপরিচালক, বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট (বিএএসএম) |
| ৯ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | সিএমআরআরসি এবং আইন |

# ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ ও কমিশন সচিব

| ক্র. নং | নাম | বিভাগের নাম |
|---|---|---|
| ১ | জনাব কামরুল আনাম খান | এসআরএমআইসি |
| ২ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | ক্যাপিটাল ইস্যু এবং ফাইন্যান্সিয়াল লিটারেসি |
| ৩ | জনাব মোহাম্মদ শফিউল আজম | এসআরআই |
| ৪ | জনাব রিপন কুমার দেবনাথ | সিএমআরআরসি |
| ৫ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | এনফোর্সমেন্ট |
| ৬ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | নিবন্ধন |
| ৭ | জনাব মোঃ মাহমুদুল হক | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ৮ | জনাব প্রদীপ কুমার বসাক | ক্যাপিটাল ইস্যু এবং কর্পোরেট ফাইন্যান্স |
| ৯ | জনাব রাজিব আহমেদ | এমআইএস |
| ১০ | জনাব মোঃ আবুল কালাম | অর্থ |
| ১১ | জনাব মোঃ মনসুর রহমান | ক্যাপিটাল ইস্যু |
| ১২ | জনাব মোহাম্মদ আবুল হাসান | প্রশাসন |
| ১৩ | জনাব শেখ মাহবুব উর রহমান | সার্ভেইল্যান্স |
| ১৪* | মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিবালয় এবং আন্তর্জাতিক সম্পর্ক |
| ১৫ | জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | গবেষণা ও উন্নয়ন |

*পরিচালক ও কমিশন সচিব

## ৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলি

একটি দক্ষ, স্বচ্ছ ও নিরপেক্ষ পুঁজিবাজার কোন দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এরূপ নিরপেক্ষ জবাবদিহিতামূলক একটি পুঁজিবাজার সৃষ্টির উদ্দেশ্যে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসাবে বিএসইসি প্রতিষ্ঠিত হয়, যার মূল উদ্দেশ্যসমূহ:

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন; এবং
- এতদ্‌সংক্রান্ত বিষয়াবলি বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন।

কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার এর সমন্বয়ে গঠিত হয় যাঁরা সরকার কর্তৃক চার বছর মেয়াদের জন্য নিযুক্ত হয়ে থাকেন এবং তাঁদের চাকুরির শর্তাবলি সরকার কর্তৃক নির্ধারিত হয়। সরকার তাঁদেরকে ৬৫ বছর বয়স অনতিক্রম সাপেক্ষে পুনঃনিয়োগ দিতে পারেন। কমিশনের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন করেন কমিশনের চেয়ারম্যান।

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলি নিম্নরূপ:

- সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন;
- সিকিউরিটিজ সংক্রান্ত বিধি প্রণয়ন;
- সিকিউরিটিজ লেন-দেন সার্ভেইল্যান্স করা;
- তালিকাভুক্ত কোম্পানির কর্পোরেট গভর্নেন্স পরিপালন নিশ্চিত করা;
- দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম চলমান রাখা;
- সিকিউরিটিজ আইন ও বিধি অমান্যকারীদের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ;
- পুঁজিবাজার ও বাজার মধ্যস্থতাকারীদের নিয়ন্ত্রণ;
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

# ৫. পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম

## ৫.১ মুজিব বর্ষ উদ্‌যাপন




বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা, জনাব খোন্দকার কামালউজ্জামান মুজিববর্ষের অংশ হিসেবে বঙ্গবন্ধুর জন্মদিনে ১৭ই মার্চ, ২০২০ইং তারিখে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা এবং জনাব খোন্দকার কামালউজ্জামান মুজিববর্ষের অংশ হিসেবে স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিনে ১৭ই মার্চ, ২০২০ইং তারিখে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন ।




১৮ই মার্চ, ২০২০ইং তারিখে বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় বক্তব্যরত বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। মঞ্চে উপবিষ্ট রয়েছেন কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা, জনাব খোন্দকার কামালউজ্জামান, নির্বাহী পরিচালক জনাব মোঃ মাহবুবুল আলম ।

১৮ই মার্চ, ২০২০ইং তারিখে স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক গৃহীত বর্ষব্যাপী কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠান সিকিউরিটিজ কমিশন ভবনে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। অনুষ্ঠানে কমিশনে কর্মরত সকল কর্মচারী উপস্থিত ছিলেন। আলোচনা সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের অর্থনৈতিক দর্শনের উপর মূলপ্রবন্ধ উপস্থাপন করেন কমিশনার ড. স্বপন কুমার বালা। আলোচনায় অংশগ্রহণ করেন কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব খোন্দকার কামালউজ্জামান এবং নির্বাহী পরিচালক জনাব মোঃ জনাব মাহবুবুল আলম। চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন বঙ্গবন্ধুর আদর্শকে হৃদয়ে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার জন্য তার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে নিজেদের নিয়োজিত করার আহ্বান জানান। সর্বশেষে বঙ্গবন্ধু ও তার পরিবারের প্রয়াত সদস্যদের আত্মার মাগফিরাত কামনা এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার পরিবারের সদস্যদের দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## ৫.২ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-এর মধ্যে তথ্য আদান প্রদান সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর




বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর মধ্যে তথ্য বিনিময় সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান ০২ জানুয়ারি ২০২০ সকাল ১১.৩০ ঘটিকায় কমিশন কার্যালয়ে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর পক্ষে নির্বাহী পরিচালক ও এএমএল অ্যান্ড সিএফটি উইং প্রধান মিসেস রুকসানা চৌধুরী এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এর পক্ষে মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক ও অপারেশনাল প্রধান, বিএফআইইউ জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এসময় বিএসইসি'র সম্মানিত চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, কমিশনার মহোদয়গণ ও কমিশনের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ এবং বিএফআইইউ এর সম্মানিত প্রধান কর্মকর্তা জনাব আবু হেনা মোহাঃ রাজী হাসানসহ বিএফআইইউ এর ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বিএফআইইউ এবং বিএসইসি মানিলন্ডারিং, সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত অপরাধ দমনে প্রতিনিয়তই নিবিড়ভাবে একে অপরের সাথে কাজ করে যাচ্ছে। সমঝোতা স্মারকটি স্বাক্ষরের ফলে তথ্য বিনিময় প্রক্রিয়াটি একটি প্রাতিষ্ঠানিক রূপ পেল মর্মে উভয় প্রতিষ্ঠানের প্রধানগণ অভিমত ব্যক্ত করেন এবং ভবিষ্যতে আরো সক্রিয়ভাবে একে অপরের কাজে সহায়তার অঙ্গীকার ঘোষণা করেন।

## 5.3 Seminar on ‘Financial Statement Analysis and Detection of Fraud’




২৬ ফেব্রুয়ারি ২০২০ইং তারিখে সিকিউরিটিজ কমিশন ভবনে ‘Financial Statement Analysis and Detection of Fraud’ শীর্ষক সেমিনারে মঞ্চে উপবিষ্ট রয়েছেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা, জনাব খোন্দকার কামালউজ্জামান এবং নির্বাহী পরিচালক জনাব মোঃ মাহবুবুল আলম

বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস এর উদ্যোগে ২৬ ফেব্রুয়ারি ২০২০ইং তারিখে সিকিউরিটিজ কমিশন ভবনে ‘Financial Statement Analysis and Detection of Fraud’ শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস -এর বোর্ড অব গভর্নরস -এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। তিনি বলেন, কোম্পানির আর্থিক প্রতিবেদনের মাধ্যমে বিনিয়োগকারীরা কোম্পানির পারফর্মেন্স ও আর্থিক সামর্থ্য সম্পর্কে ধারণা লাভ করে থাকে। তাই আর্থিক প্রতিবেদনের স্বচ্ছতা নিশ্চিত করার জন্য আমাদের সবাইকে একত্রে কাজ করতে হবে। প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, ক্ষুদ্র বিনিয়োগকারী, সাংবাদিক, ইস্যু ব্যবস্থাপক, নিয়ন্ত্রণকারী সংস্থাসহ পুঁজিবাজারের অন্যান্য অংশীজনকে আর্থিক প্রতিবেদন বিশ্লেষণ ও সঠিকতা যাচাই করার সক্ষমতা বৃদ্ধি করতে হবে। তিনি বলেন, আর্থিক প্রতিবেদন প্রস্তুত করার ক্ষেত্রে মূল ভূমিকা পালনকারী হচ্ছে কোম্পানি এবং অডিট ফার্ম। তাদের অবশ্যই একাউন্টিং স্ট্যান্ডার্ড মেনে স্বচ্ছ ও সঠিক প্রতিবেদন প্রস্তুত করা উচিত। তিনি আরো বলেন, ভালো আইপিও আনতে হলে ও আইপিও হতে উত্তোলিত অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হলে সঠিক ও স্বচ্ছ আর্থিক প্রতিবেদনের কোন

বিকল্প নেই। তিনি বলেন, পুঁজিবাজারের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণের জন্য ইতোমধ্যে স্পেশাল ট্রাইব্যুনাল ও ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল গঠিত হয়েছে।

সেমিনারের টেকনিক্যাল সেশন পর্বের শুরুতে 'Financial Sector Analysis and Detection of Fraud' এর উপর মূলপ্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। মূলপ্রবন্ধে কোম্পানির আর্থিক প্রতিবেদনে কী ধরনের অসঙ্গতি ও অনিয়ম থাকতে পারে, কীভাবে আর্থিক প্রতিবেদন বিচার-বিশ্লেষণ করতে হয় সে সকল পদ্ধতি ও কৌশল সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠানে স্টক এক্সচেঞ্জ, মার্চেন্ট ব্যাংকার এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট সাংবাদিকবৃন্দসহ প্রায় ২০০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন এবং অনেকে তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন।

## ৫.৪ বিশ্ব নারী দিবস উদ্‌যাপন



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা এবং জনাব খোন্দকার কামালউজ্জামান-এর উপস্থিতিতে ০৮ মার্চ ২০২০ইং তারিখে কমিশন কার্যালয়ে বিশ্ব নারী দিবস উদ্‌যাপন

কমিশনে ০৮ মার্চ ২০২০ইং তারিখে বিশ্ব নারী দিবস উদযাপিত হয়। এদিন কমিশনে সকল নারী কর্মচারীকে ফুল ও উপহার দিয়ে সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানে বিএসইসির চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন বলেন, ঘরে এবং দেশের অর্থনীতিতে নারীদের অবদান গুরুত্বপূর্ণ। তাদের অবদানকে ছোট করে দেখার সুযোগ নেই। তাদেরকে আরও এগিয়ে নেওয়ার জন্য সকলের উন্নত শিক্ষা, খাদ্য ও চিকিৎসা নিশ্চিত করতে হবে। এতে করে নারীর অবস্থান আরও ভালো হবে। তিনি আরো বলেন, নারীদের সমঅধিকার নিশ্চিত করতে হবে। এছাড়া ক্ষমতায়নে তাদেরকে সমতায় আনতে হবে। আর সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রেও নারীর পরামর্শকে বিবেচনায় নিতে হবে। তাহলে বাংলাদেশ অনেক দূর এগিয়ে যাবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বিএসইসির সকলস্তরের কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## ৬. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি)

এসময়ে নিম্নোক্ত সংশোধনী/আদেশ/নির্দেশনা জারি করা হয়েছে :

| ক্র. নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১ | কর্পোরেট গভর্নেন্স কোডসহ পূর্বে জারিকৃত কতিপয় আদেশ ও নোটিফিকেশন স্পষ্টীকরণ | নোটিফিকেশন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১/প্রশাসন/১০২ তারিখ ০৫ ফেব্রুয়ারি ২০২০ |
| ২ | তালিকাভুক্ত কোম্পানির সম্পদ বিক্রয় প্রসঙ্গে | নোটিফিকেশন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২/প্রশাসন/১০৩ তারিখ ০৫ ফেব্রুয়ারি ২০২০ |
| ৩ | তালিকাভুক্ত কোম্পানির পরিচালনা পর্ষদে পরিচালক নিয়োগ বা পুন:নিয়োগ প্রসঙ্গে | নোটিফিকেশন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৩/প্রশাসন/১০৪ তারিখ ০৫ ফেব্রুয়ারি ২০২০ |
| ৪ | সার্কিট ব্রেকারের সর্বনিম্ন সীমা প্রসঙ্গে | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০১-০৭/৭৪ তারিখ ১৯ মার্চ ২০২০ |

# ৭. কর্পোরেট ফাইন্যান্স

| ক্র. নং | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানির সংখ্যা |
|---|---|---|---|
| ১ | **IPO / RPO / Rights Issue / Convertible Preference Shares** -এর তহবিল ব্যবহার প্রসঙ্গে | **IPO/RPO/Rights Issue/ Convertible Preference Shares** -এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন / নিরীক্ষা প্রতিবেদন কমিশন কর্তৃক গৃহীত হয়েছে | ৫ |
| | | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানি-সমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ১ |
| | | **IPO/Rights Issue** -এর মাধ্যমে উত্তোলিত তহবিলের পরিবর্তিত ব্যবহারের প্রস্তাব কমিশনের সদয় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হয়েছে। | ২ |
| | | বিশেষ নিরীক্ষক নিয়োগ দেওয়া হয়েছে। | ১ |
| ২ | ডিসেম্বর ৩১, ২০১৮ এবং জুন ৩০, ২০১৭; ২০১৮; ২০১৯ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ১ |
| | | যথাসময়ে নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১২ |
| ৩ | জুন ৩০, ২০১৭; ২০১৮ এবং ২০১৯ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী। | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানি-সমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ২ |
| | | ব্যাখ্যা প্রদানের জন্য বিধিবদ্ধ নিরীক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে | ১ |
| | | কোম্পানি এবং এর নিরীক্ষকের ব্যাখ্যা সমূহ কমিশন কর্তৃক গৃহীত হয়েছে। | ১ |

| ক্র. নং | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানির সংখ্যা |
|---|---|---|---|
| | | নিরীক্ষিত আর্থিক বিবরণী তৈরিতে সিকিউরিটিজ আইনের এর বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ৭ |
| ৪ | মার্চ ৩১, ২০১৯ এবং সেপ্টেম্বর ৩০, ২০১৬; ২০১৭; ২০১৮; ২০১৯ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক নিরীক্ষিত/অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ | সময় বৃদ্ধি করা হয়েছে। | ২ |
| | | ত্রৈমাসিক আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১৪ |
| ৫ | ডিসেম্বর ৩১, ২০১৮; ২০১৯ তারিখে সমাপ্ত দ্বিতীয় প্রান্তিকের ত্রৈমাসিক নিরীক্ষিত/অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ১ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ১ |
| | | ত্রৈমাসিক আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ৮ |
| ৬ | মার্চ ৩১, ২০১৭; ২০১৮; ২০১৯ তারিখে সমাপ্ত তৃতীয় প্রান্তিকের ত্রৈমাসিক নিরীক্ষিত/অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | ত্রৈমাসিক আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ৬ |
| ৭ | নিরপেক্ষ পরিচালক নিয়োগ। | সম্মতি দেয়া হয়েছে। | ৯ |
| | | সম্মতি দেয়া হয়নি। | ২ |

# ৮. ক্যাপিটাল ইস্যু

- **মূলধন উত্তোলনের অনুমোদনপ্রাপ্ত পাবলিক লিমিটেড কোম্পানিসমূহের তালিকা :**

| ক্র. নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১ | এনভয় টেক্সটাইল লিমিটেড | ০৩.০৩.২০২০ | ৮৭০,০০০,০০০ |
| | **মোট টাকা** | | **৮৭০,০০০,০০০** |

- **বন্ড ও ডিবেঞ্চার ইস্যুর মাধ্যমে মূলধন উত্তোলনের অনুমোদনপ্রাপ্ত কোম্পানিসমূহের তালিকা:**

| ক্র. নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১ | ইসলামী ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড | ০৭.০১.২০২০ | ৩,০০০,০০০,০০০ |
| ২ | সামিট কমিউনিকেশনস লিমিটেড | ২৩.০১.২০২০ | ১,০০০,০০০,০০০ |
| ৩ | এএফসি এগ্রো বায়োটেক লিঃ | ১৮.০২.২০২০ | ১,০০০,০০০,০০০ |
| ৪ | দি সিটি ব্যাংক লিমিটেড | ২৫.০২.২০২০ | ৩,০০০,০০০,০০০ |
| | **মোট টাকা** | | **৮,০০০,০০০,০০০** |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ এর অধীনে ০১ জানুয়ারি ২০২০ হতে ৩১ মার্চ ২০২০ইং সময়কালে কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের অনুমোদন প্রাপ্ত কোম্পানির বিবরণী:

| ক্র. নং | কোম্পানির নাম | সম্মতিপত্র প্রদানের তারিখ | মূলধন (প্রাথমিক গণপ্রস্তাব পূর্ব) টাকা | ইস্যু মূল্য (টাকা) | ইস্যুকৃত শেয়ারের সংখ্যা | আইপিও টাকা (প্রিমিয়ামসহ যদি থাকে) টাকা | মূলধন উত্তোলন (প্রাথমিক গণপ্রস্তাব উত্তর) টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এক্সপ্রেস ইস্যুরেন্স লিমিটেড | ০৮-০৩-২০২০ | ৩৯,১১,৮৪,৬৪০ | ১০.০০ | ২,৬০,৭৯,০০০ | ২৬,০৭,৯০,০০০ | ৬৫,১৯,৭৪,৬৪০ |
| | | | | | মোট টাকা = | ২৬,০৭,৯০,০০০ | |

# ৯. সার্ভেইল্যান্স

- **দৈনন্দিন বাজার সার্ভেইল্যান্স :**

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেইল্যান্স -এর অংশ হিসাবে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাগণ স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকাণ্ডের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থী কোন কিছু ঘটে থাকলে তা কমিশনের সার্ভেইল্যান্স সিস্টেম 'Instant Watch Market' ব্যবহারপূর্বক পর্যবেক্ষণ ও তদারকির মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরি করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশ্লিষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

- **তদন্ত ও অনুসন্ধান :**

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ত ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইন কানুন এর প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন। জানুয়ারি-মার্চ ২০২০ সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) সিকিউরিটিজ লেনদেন সম্পর্কিত সর্বমোট ১৩টি অনুসন্ধান প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করে।

জানুয়ারি-মার্চ ২০২০ সময়কালে 'InstantWatch' Market Surveillance System -এ যেসব শর্ট-সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট এর উপর অনুসন্ধানপূর্বক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে।

# ১০. নিবন্ধন

নিবন্ধন বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংকার, ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়ান -এর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করে থাকে। এ সময়ে নিম্নোক্ত সনদ ইস্যু ও নবায়ন করা হয়েছে:

| ক্র. নং | ইস্যুকৃত সনদের ধরন | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | শাখা অনুমোদন | অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|
| ১ | স্টক ডিলার | ০০ (ডিএসই) | ১০০ | ০১ | ০১ |
| | | ০০ (সিএসই) | ১২ | -- | -- |
| ২ | স্টক ব্রোকার | ০০ (ডিএসই) | ১১০ | -- | -- |
| | | ০০ (সিএসই) | ১২ | -- | -- |
| ৩ | অনুমোদিত প্রতিনিধি | ৪৯ (ডিএসই) | ৩৫৫ | -- | -- |
| | | ০৩ (সিএসই) | ৪৮ | -- | -- |
| ৪ | মার্চেন্ট ব্যাংকার | -- | -- | -- | -- |
| ৫ | সম্পদ ব্যবস্থাপক | ০২ | -- | -- | -- |
| ৬ | সিকিউরিটিজ কাস্টডিয়ান | -- | ০১ | -- | -- |
| ৭ | ডিপজিটরি অংশগ্রহণকারী | ০২ (সিডিবিএল) | ১০৭ | -- | -- |
| ৮ | ডেট সিকিউরিটিজ এর জন্য ট্রাস্টি | ১৩ | -- | -- | -- |
| ৯ | ফান্ড ম্যানেজার | -- | -- | -- | -- |
| ১০ | ট্রাস্টি | -- | -- | -- | -- |
| ১১ | মিউচ্যুয়াল ফান্ড জন্য কাস্টডিয়ান | -- | -- | -- | -- |

- **নিবন্ধন বিভাগ যেসকল বিধিমালা/প্রবিধানমালার অধীনে কার্যক্রম পরিচালনা করে থাকে তার তালিকা নিম্নরূপ:**

i. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০;

ii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬;

iii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১;

iv. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটিজ কাস্টডিয়ান সেবা) বিধিমালা, ২০০৩;

v. ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩;

vi. Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012;

vii. Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015;

ডিএসই = ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড
সিএসই = চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড
সিডিবিএল = সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড

## ১১. মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি (এমএফ অ্যান্ড এসপিভি)

- এ সময়ে নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করা হয়েছে:

### (১) অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড অনুমোদন সংক্রান্ত কার্যক্রম:

| ক্র. নং. | ফান্ডের নাম | অনুমোদনের তারিখ | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|---|
| ১ | একুশ ফার্স্ট ইউনিট ফান্ড (বে-মেয়াদি) | ২৯.০১.২০২০ | ১০.০০ |
| ২ | ইবিএল এএমএল ফার্স্ট ইউনিট ফান্ড (বে-মেয়াদি) | ১৬.০২.২০২০ | ৩০.০০ |
| ৩ | ফার্স্ট একাশিয়া শ্রীম এসএমই গ্রোথ ইউনিট ফান্ড (বে-মেয়াদি) | ১৯.০২.২০২০ | ১০.০০ |
| ৪ | এলবি গ্রাচ্যুইটি অপরচ্যুনিটিজ ফান্ড (বে-মেয়াদি) | ২৪.০২.২০২০ | ২০.০০ |

## ১২. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি)

| ক্র. নং. | কোম্পানির নাম | বছর | এজিএম তারিখ | লভ্যাংশ | |
|---|---|---|---|---|---|
| | | | | নগদ | শেয়ার |
| ১ | প্রগ্রেসিভ লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৬১২ এবং ২০১৭১২ | ০২/০২/২০ | -- | -- |
| ২ | প্রগ্রেসিভ লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৮১২ | ০২/০২/২০ | -- | ১২%বি |

## ১৩. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই)

সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) বিভাগ মার্চেন্ট ব্যাংকার, স্টক ডিলার, স্টক ব্রোকার, ডিপোজিটরি অংশগ্রহণকারী (ডিপি), সিকিউরিটি কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং কোম্পানি, সম্পদ ব্যবস্থাপক ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে থাকে। এই বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, ডিপি, মার্চেন্ট ব্যাংকার্স ও সম্পদ ব্যবস্থাপকসমূহ নিয়মিত পরিদর্শন করে। এছাড়াও প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে থাকে। এসআরআই বিভাগ সাধারণ বিনিয়োগকারী ও অন্যান্য স্টেকহোল্ডারদের অভিযোগ নিয়েও কাজ করে থাকে। উক্ত বিভাগ জানুয়ারি থেকে মার্চ, ২০২০ইং পর্যন্ত নিম্নবর্ণিত উল্লেখযোগ্য কার্যাবলি সম্পাদন করেছে:

**ক. কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম):** ৩০ সেপ্টেম্বর ২০১৯ইং তারিখে কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম) উদ্বোধন করা হয়েছে। নতুন প্রবর্তিত সিসিএএম-এর মাধ্যমে বিএসইসি, ডিএসই, সিএসই ও সিডিবিএল এর ওয়েবসাইটে গিয়ে বিনিয়োগকারীরা সহজেই যে কোন স্থান থেকে পুঁজিবাজার মধ্যস্থতাকারী বিভিন্ন প্রতিষ্ঠান ও ইস্যুয়ার কোম্পানিসমূহের বিরুদ্ধে অনলাইনে অভিযোগ দাখিল করতে পারে। শুধু তাই নয়, এই মডিউলের মাধ্যমে দাখিলকৃত অভিযোগের বর্তমান অবস্থা অনলাইনে জানা, আপিল করা এবং প্রয়োজনে অভিযোগ প্রত্যাহারও করা যায়। সিসিএএম-এর মাধ্যমে জানুয়ারি থেকে মার্চ, ২০২০ইং পর্যন্ত দাখিলকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে উপস্থাপন করা হলো:

| সময়কাল | দাখিলকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|
| জানুয়ারি - মার্চ, ২০২০ | ৬৬ | ৬৪ | ২ |

খ. **এক্সটারনাল ডাটা রিকোয়েস্ট প্রসেসিং (ইডিআরপি):** দুর্নীতি দমন কমিশন (দুদক) সহ বিভিন্ন সরকারি সংস্থার সাথে তথ্য আদান প্রদানের সুবিধার্থে ১৫ এপ্রিল, ২০১৯ইং তারিখে External Data Request Processing (EDRP) নামে একটি প্ল্যাটফর্ম চালু করা হয়েছে। উক্ত প্ল্যাটফর্মের মাধ্যমে জানুয়ারি থেকে মার্চ, ২০২০ইং পর্যন্ত দুদকসহ বিভিন্ন সরকারি সংস্থার ২৬৮টি পত্রের মাধ্যমে চাহিত তথ্য প্রেরণ করা হয়েছে।

গ. কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম) ছাড়াও বিনিয়োগকারীগণ সরাসরি লিখিতভাবে কমিশনে অভিযোগ দাখিল করে থাকে। জানুয়ারি থেকে মার্চ, ২০২০ইং সময় কালে বিনিয়োগকারীগণ সরাসরি কমিশনে লিখিতভাবে ১৪টি অভিযোগ দাখিল করেছেন যার মধ্যে ৬টি অভিযোগ সিসিএএম-এ আপলোড করা হয়েছে। অবশিষ্ট ৮টি অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেওয়া হলো:

| প্রতিষ্ঠান | গৃহীত অভিযোগের সংখ্যা (জানুযারি-মার্চ, ২০২০ইং) | প্রক্রিয়াধীন | আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ডিএসই/ সিএসই/এমবি তে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ |
|---|---|---|---|---|---|
| ডিএসই ট্রেক হোল্ডার | ৪ | ৪ | -- | -- | -- |
| সিএসই ট্রেক হোল্ডার | ৩ | -- | -- | ৩ | -- |
| মার্চেন্ট ব্যাংকার্স | ১ | -- | -- | -- | ১ |

# ১৪. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার দরুন এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লংঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থাদি গ্রহণ করে থাকে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/তদন্তে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্ন করে কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক এ সময়ে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ প্রদর্শন করা হলো:

| ক্র. নং | প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠান/ব্যক্তি (সংখ্যায়) | এনফোর্সমেন্ট ব্যবস্থার ধরন | |
|---|---|---|---|---|
| | | | জরিমানা | সতর্কীকরণ |
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ১০ | ৯ | ১ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার/ অনুমোদিত প্রতিনিধি | ১৪ | -- | ১৪ |
| ৩ | বিনিয়োগকারী | ৪ | -- | ৪ |
| ৪ | স্টক এক্সচেঞ্জ | ১ | -- | ১ |
| | **মোট** | **১৯** | **৯** | **২০** |

# ১৫. আইন

কমিশন কর্তৃক এবং কমিশনের বিরুদ্ধে মোট ৫৫৮টি মামলা বিভিন্ন আদালতে বর্তমানে বিচারাধীন রয়েছে। মামলাসমূহের আদালতভিত্তিক অবস্থান নিম্নরূপঃ

| ক্র. নং | আদালতের নাম | | মামলার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | বাংলাদেশ সুপ্রিমকোর্ট | আপিল বিভাগ | ১৩টি |
| | | হাইকোর্ট বিভাগ ঢাকা | ২৪১টি |
| ২ | স্পেশাল ট্রাইব্যুনাল, বিএসইসি, ঢাকা | | ১৬টি |
| ৩ | জেলা জজ আদালত, যুগ্ম জেলা জজ আদালত, সহকারী জজ আদালত, ঢাকা | | ১৩টি |
| ৪ | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা | | ০৩টি |
| ৫ | জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা | | ২৭২টি |
| **মোট মামলার সংখ্যা** | | | **৫৫৮টি** |

# ১৬. সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস

এ সময়ে পুঁজিবাজারে ডিপজিটরি ব্যবস্থায় নিম্নলিখিত কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ড অন্তর্ভুক্ত হয়েছে:

| কোম্পানির নাম | অন্তর্ভুক্তির তারিখ |
|---|---|
| এডিএন টেলিকম লিমিটেড | জানুয়ারি ০৬, ২০২০ |
| আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড | জানুয়ারি ১৬, ২০২০ |
| ক্যাপিটেক পপুলার লাইফ ইউনিট ফান্ড | ফেব্রুয়ারি ০৪, ২০২০ |
| পেনিনসুলা ব্যালেন্সড ফান্ড | ফেব্রুয়ারি ২৩, ২০২০ |

# ১৭. এমআইএস

- অটোমেশন ডেভেলপমেন্টের মাধ্যমে বিএসইসি'র বিভিন্ন বিভাগের কার্যাবলি সম্পাদনে সম্ভাব্য সহায়তা দেয়া, কম্পিউটারাইজড তথ্য বিশ্লেষণভিত্তিক পুঁজিবাজার মনিটরিং সিস্টেম গড়ে তোলা, ওয়েবের মাধ্যমে সকলকে সিকিউরিটিজ আইন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অবগত করা এবং কমিশনকে আধুনিক ইনফরমেশন টেকনোলজি পদ্ধতি ব্যবহারের মাধ্যমে সমৃদ্ধ করা এমআইএস বিভাগের মূল লক্ষ্য।

- কমিশনের নতুন ভবনে নতুন প্রযুক্তির নেটওয়ার্ক ও তথ্য প্রযুক্তি অবকাঠামো উন্নয়নের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে কমিশনের কর্মচারীগণ নতুন প্রযুক্তির কম্পিউটার/ল্যাপটপ ব্যবহার করছেন। এছাড়া কমিশনে বর্তমানে ১০০ এমবিপিএস গতির ইন্টারনেট সংযোগ ল্যানের সাথে স্থাপন করা হয়েছে, যা শেয়ারড ভিত্তিতে কমিশনের কর্মচারীগণ তাঁদের ওয়ার্ক স্টেশন থেকে ব্যবহার করে থাকেন। ইন্টারনেট সংযোগটি ভিন্ন একটি ১০০ এমবিপিএস গতির ইন্টারনেট সংযোগের মাধ্যমে রিডানডেন্ট করা হয়েছে, ফলে নিরবচ্ছিন্নভাবে ইন্টারনেট ব্যবহার করার বিষয়টি সফলভাবে বাস্তবায়িত হয়েছে। এছাড়া, সিকিউরিটিজ কমিশন ভবনব্যাপী WiFi স্থাপন প্রক্রিয়াধীন আছে।

- বর্তমানে বিএসইসির সকল কর্মচারী তাঁদের দৈনন্দিন কার্যক্রমে কম্পিউটার ব্যবহার করে থাকেন। অফিসের সকল কম্পিউটার ল্যান এর আওতাভুক্ত। বিএসইসি ইতোমধ্যে ই-সার্ভিস রোডম্যাপ-২০২১ তৈরি করেছে, যার আওতায় নতুন প্রযুক্তির অনলাইনভিত্তিক রেগুলেটরি ইনফরমেশন সিস্টেম স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে। এর মাধ্যমে স্টেকহোল্ডাররা অনলাইনভিত্তিক প্রতিবেদন দাখিল করতে সক্ষম হবেন। বিএসইসিতে তৈরিকৃত ইন্টিগ্রেটেড সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন অটোমেটেড সিস্টেম (SECAS) বিদ্যমান রয়েছে, তবে তা পুরাতন।

- কমিশনের ওয়েবসাইটটি ইতিমধ্যে ডাইনামিক ডাটাবেজ ভিত্তিক সাইটে উন্নয়ন করা হয়েছে। ওয়েবসাইটটিতে বর্তমানে ৩টি ডোমেইন-**www.sec.gov.bd, www.secbd.org** ও **www.এসইসিবিডি.বাংলা** ডোমেইন বিদ্যমান রয়েছে। তিনটি ডোমেইন এর যে কোনোটির মাধ্যমেই ওয়েবসাইটটি ব্রাউজ করা যায়। ওয়েবসাইটটি SSL সার্টিফিকেট ব্যবহারের মাধ্যমে ডাটা যোগাযোগের নিরাপত্তা উন্নত করেছে। বিএসইসি'র ওয়েবসাইটে সিকিউরিটিজ সংশ্লিষ্ট আইন, রুলস, রেগুলেশন, অর্ডার, ডাইরেক্টিভ, নোটিফিকেশন ইত্যাদি উদ্ভাবনী প্রক্রিয়ায় উপস্থাপন করা হয়েছে যা ব্যবহারকারীগণের জন্য তথ্য খুঁজে পেতে অধিকতর সহায়ক হচ্ছে।

- কমিশনে a2i -এর সহায়তায় সরকারের ই-নথি সিস্টেম স্থাপন করা হয়েছে যার মাধ্যমে প্রচলিত কাগজের ফাইলের পরিবর্তে ইলেকট্রনিক ফাইলিং সিস্টেম চালু করা হয়েছে। ফলে কাগজের ফাইলিংগুলি ক্রমান্বয়ে ইলেকট্রনিক ফাইলিং এ রূপান্তরিত হচ্ছে। a2i সংশ্লিষ্ট বিষয়ে কমিশনের সকল কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করেছে।

- এমআইএস বিভাগ কমিশনের চাহিদা মোতাবেক বিভিন্ন সিস্টেম ডেভেলপমেন্ট, মডিফিকেশন, ওয়েবসাইট আপগ্রেডেশন ও মেইন্টেন্যান্স-এর কাজ করে থাকে।

- **জানুয়ারি-মার্চ, ২০২০ -এ ওয়েবসাইটে বিশেষ কিছু আপলোডের সংখ্যাঃ**

| কাজ | সংখ্যা |
|---|---|
| আইপিও প্রসপেক্টাস স্থাপন | ১টি |
| মিউচ্যুয়াল ফান্ড প্রসপেক্টাস স্থাপন | ১টি |
| এনফোর্সমেন্ট অ্যাকশন স্থাপন | ২৭টি |
| অন্যান্য আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি স্থাপন | ১২টি |
| ত্রৈমাসিক প্রতিবেদন স্থাপন | ৩টি |
| মতামতের জন্য প্রস্তাবিত খসড়া আইন স্থাপন | ১টি |
| প্রেস বিজ্ঞপ্তি | ১৪টি |
| দরপত্র বিজ্ঞপ্তি | ২টি |
| নিয়োগ বিজ্ঞপ্তি | ১টি |

# ১৮. গবেষণা ও উন্নয়ন

এ সময়ে নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করা হয়:

**ক. চাহিদা মোতাবেক সরকারের নিকট মাসিক প্রতিবেদন প্রেরণ:**

১. প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন।

২. কমিশনের মাসিক উল্লেখযোগ্য/গুরুত্বপূর্ণ কার্যাবলি প্রতিবেদন।

**খ. মহান জাতীয় সংসদ এর চাহিদা মোতাবেক তথ্য প্রেরণ।**

**গ. চাহিদা মোতাবেক কেন্দ্রীয় ব্যাংকের নিকট মাসিক প্রতিবেদন প্রেরণ:**

১. পুঁজিবাজারের মাসিক লেনদেনের প্রতিবেদন প্রেরণ।

**ঘ. চাহিদা মোতাবেক মন্ত্রণালয়ের প্রকাশনার জন্য তথ্য প্রেরণ:**

১. চাহিদা মোতাবেক অর্থনৈতিক সমীক্ষার জন্য পুঁজিবাজার সংক্রান্ত তথ্য।

২. চাহিদা মোতাবেক আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম প্রকাশনার জন্য পুঁজিবাজার সংক্রান্ত তথ্য।

**ঙ. মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক অন্যান্য তথ্য প্রেরণ।**

- নিম্নোক্ত প্রতিবেদন সম্পাদনা করা হয়:

| প্রতিবেদনের নাম | প্রকাশকাল |
|---|---|
| বার্ষিক প্রতিবেদন (বাংলা) | ২০১৮-২০১৯ |
| বার্ষিক প্রতিবেদন (ইংরেজি) | ২০১৮-২০১৯ |
| ত্রৈমাসিক প্রতিবেদন পরিক্রমা | ১টি |
| Quarterly Review | ১টি |

# ১৯. ফাইন্যান্সিয়াল লিটারেসি

কমিশনের ফাইন্যান্সিয়াল লিটারেসি বিভাগ দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ, কনফারেন্স এবং বিনিয়োগকারীদের যথাযথ অংশগ্রহণ ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সচেতন করার লক্ষ্যে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এবং বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম অনুমোদন এবং স্টক এক্সচেঞ্জের ট্রেকহোল্ডারে কর্মরত অনুমোদিত প্রতিনিধিদের প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করে থাকে। বিভাগীয় কার্যাবলি নিম্নরূপঃ

| ক্র. নং | বিবরণ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| ১ | ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর অনুমোদিত প্রতিনিধিদের প্রশিক্ষণ | ৫০ |
| ২ | বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম | ৪১ |
| ৩ | বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিদের জন্য প্রশিক্ষণ | ৬২২ |
| | **মোট** | **৭১৩** |

# ২০. আন্তর্জাতিক সম্পর্ক

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ জানুয়ারি-মার্চ, ২০২০ সময়ে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি নিম্নলিখিত কার্যাবলি সম্পাদন করেছেঃ

গত ১৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখে নেপালের সংসদ সদস্য ও Securities Board of Nepal (SEBON) এর কর্মকর্তাদের নিয়ে গঠিত ১০ (দশ) সদস্যের একটি প্রতিনিধি দল বাংলাদেশের পুঁজিবাজারের উপর সম্যক ধারণা লাভ করার উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) সফর করে। এ উপলক্ষ্যে চেয়ারম্যান, বিএসইসি এর সভাপতিত্বে উক্ত প্রতিনিধি দলের সাথে অনুষ্ঠিত সভায় বাংলাদেশের পুঁজিবাজারের নানা দিক নিয়ে আলোচনা হয় এবং এ বিষয়ে একটি প্রেজেন্টেশন প্রদান করা হয়।

এছাড়া আলোচ্য সময়ে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার Survey তে অংশগ্রহণ করা হয়েছে এবং বৈদেশিক নানা সংস্থার Query এর প্রেক্ষিতে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ কর্তৃক তা সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ ও পরবর্তীতে ধারাবাহিকভাবে যোগাযোগ রক্ষা করা হয়েছে।

# ২১. স্টক এক্সচেঞ্জের অপারেশনাল স্ট্যাটিসটিকস

## ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড

| মাস | ডিএসই ইনডেক্স (DSEX) | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জানুয়ারি | ৪৪৬৯.৬৬ | ৩৪০৮৯২৯ | ২২ | ৮০৭২২ | ৩৬৬৯.২০ | ২৯০২.৫৪ | ১৩১.৯৩ |
| ফেব্রুয়ারি | ৪৪৮০.২৩ | ৩৪২৯৮৩২ | ২০ | ১২৪২৭৮ | ৬২১৩.৮৯ | ৪৫৮৯.৭৯ | ২২৯.৪৯ |
| মার্চ | ৪০০৮.২৯ | ৩১২২৩৫৪ | ১৮ | ৬৬৪৫৬ | ৩৬৯২.০২ | ২৬২৬.৯৮ | ১৪৫.৯৪ |
| **মোট** | | | **৬০** | **২৭১৪৫৬** | **৪৫২৪.২৭** | **১০১১৯.৩১** | **১৬৮.৬৬** |

* মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে।

## চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড

| মাস | সকল শেয়ার এর মূল্য সূচক | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জানুয়ারি | ১৩৫৮.৬৪০৬৯ | ২৬৯৮৪৪৫.৪৯ | ২২ | ১৭৮.৪৭ | ৮.১১ | ৪০৯৬.৪৫ | ১৮৬.২২ |
| ফেব্রুয়ারি | ১৩৭৪.৯৬২৮ | ২৭১১০৮.৪০ | ২০ | ২৫০.০৪ | ১২.৫০ | ৬২০৪.১৯ | ৩১০.২১ |
| মার্চ | ১১৩২৮.০০১২ | ২৪৪৪৭১৫.৯৮ | ১৮ | ১৩৫.৩৭ | ৭.৫২ | ৪৮৩৫.৭২ | ২৬৮.৬৫ |
| **মোট** | | | **৬০** | **৫৬৩.৮৮** | **৯.৪০** | **১৫১৩৬.৩৬** | **২৫২.২৮** |

* মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে।

উৎস: সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ

# ২২. প্রেস রিলিজ

এ সময়ে কমিশন ১৪টি প্রেস রিলিজ ইস্যু করেছে; যা কমিশনের ওয়েব সাইটে **(www.sec.gov.bd)** সন্নিবেশিত আছে।

## BSEC Website Content

- About BSEC
- Notable Events
- Press Release
- Securities Laws
- Investor's Information
- IPO Prospectors
- Annual Report
- Quarterly Report
- Enforcement Actions
- List of Market Intermediaries
- Employment Information
- Tender Information
- Comments Request on Rules Amendment
- Important Links

## রেফারেন্স রুম

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন: (৮৮)-০২-৫৫০০৭১৭৩-২, ফ্যাক্স: (৮৮)-০২-৫৫০০৭১০৬

## যা আছে:

- বিএসইসি'র প্রকাশনা
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রসপেক্টাস
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের বার্ষিক প্রতিবেদন
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রকাশিত অর্ধ-বার্ষিক হিসাব বিবরণী
- সিকিউরিটি আইন, রুলস্ ও রেগুলেশনস্/গেজেট নোটিফিকেশনস্
- পুঁজিবাজারের উপর স্থানীয়/বিদেশি প্রকাশনা
- বিএসইসি প্রকাশনার গ্রাহক হওয়ার সুযোগ


# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**

**ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ**

Website: www.secbd.org, www.sec.gov.bd, www.এসইসিবিডি.বাংলা
E-mail: info@sec.gov.bd